



কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২
Comilla Palli Bidyut Samity-2

সদর দপ্তর, উত্তর রামপুর (বিশ্বরোড), পোঃ আহম্মদনগর, কুমিল্লা।

টেলিফোন : অফিস ০৮৮১-৬৮৮০৭, অভিযোগ কেন্দ্র ০৮৮১-৬৮১৬৫, ই-মেইলঃঃ comillapbs2@gmail.com ওয়েবসাইটঃ www.pbs2.comilla.gov.bd

স্মারক নং-২৭.১২.১৯৩৩.৫৪২.০২.০০৮.২৩- ৭০৯৫

তারিখঃ

১৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ

২৯ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি।

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তরে রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রকৃত বাংলাদেশী যোগ্যতা সম্পন্ন নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলী :

- ০১। প্রার্থীকে সরকারি মেডিকেল কলেজ/বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে এমবিবিএস পাশ হতে হবে।
- ০২। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০৩। সমিতির আওতাভুক্ত থানা/এলাকায় সরকারি/আধা সরকারি/স্বায়ত্ত শাসিত/রেজিস্ট্রেশনধারী মেডিকেল অফিসার অথবা অন্য কোন প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত আছেন কেবলমাত্র তাদেরকেই রিটেইনার ডাক্তার পদের জন্য বিবেচনা করা হবে।
- ০৪। আলোচ্য পদে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। ০৩ (তিন) বছরের চুক্তিকাল উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে নতুন বারে আবেদন আহবান করা হবে এবং সেই সময় যিনি অত্র পদে নিয়োজিত থাকবেন তিনিও পুনরায় আবেদন করতে পারবেন।
- ০৫। পবিস নির্দেশিকা ৩০০-২৯ মোতাবেক সর্বোচ্চ ১০,০০০ (দশহাজার) টাকা মাসিক রিটেইনার ফি প্রদান করা হবে (বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের অনুমোদনক্রমে)।
- ০৬। একজন রিটেইনার ডাক্তার একাধিক পল্লীবিদ্যুৎ সমিতিতে রিটেইনার ডাক্তার হিসেবে নিয়োজিত থাকতে পারবেন না।
- ০৭। নিয়োগ চুক্তি বাতিল করতে হলে উভয় পক্ষকে ৩০ (ত্রিশ) দিনের পূর্ব নোটিশ প্রদান করতে হবে।
- ০৮। সপ্তাহে ০২ (দুই) দিন অফিস চলাকালীন অফিসে উপস্থিত থাকতে হবে। অফিসে উপস্থিত থাকবার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৯। ব্যক্তিগত চেম্বারে সমিতির যে কোন কর্মকর্তা/কর্মচারী উল্লেখিত নিদিষ্ট ০২ (দুই) দিন ব্যতীত সপ্তাহের অন্যান্য দিন চিকিৎসার জন্য যেতে পারবে। এর জন্য পৃথক কোন ভিজিট বা ফি দেয়া হবে না।
- ১০। দুর্ঘটনা বা যে কোন প্রয়োজনে পবিসের ভৌগোলিক এলাকার যে কোন স্থানে যে কোন সময়ে যেতে হবে (এক্ষেত্রে যাতায়াত ভাতা/ফি দেয়া হবে)।

১১। আবেদনপত্রের প্রয়োজনীয় তথ্যাদিঃ-

আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম (স্পষ্টাক্ষরে), (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা উল্লেখপূর্বক শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য অভিজ্ঞতার সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি, সম্প্রতিকালে তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্রের ফটোকপি (সকল সনদের/ছবির ফটোকপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) সংযুক্ত থাকতে হবে।

উপর্যুক্ত পদে নিয়োগপ্রাপ্ত হতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণকে আগামী ১১/১১/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর বরাবরে হাতে হাতে/ডাকযোগে আবেদন প্রেরণ করতে হবে।

বর্ণিত পদে নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃগণের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

AW ২৩/১০/২৩

(প্রকৌঃ মোঃ মোস্তাফিজুর রহমান)

সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (ছোঁটতার ক্রমানুসারে নয়/কারণার্থ ও সদর অবগতির জন্য)

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক/পুলিশ সুপার, কুমিল্লা।
- ০৩। পরিচালক, পবিস মানব সম্পদ/ পবিস মনিটরিং ও ব্যঃপঃ (পূর্বাঞ্চল)পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪
- ০৫। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবো, ঢাকা।
- ০৬। উপজেলা, নির্বাহী কর্মকর্তা-----কুমিল্লা।

বিতরণঃ

- ০১। ডিজিএম (কারিগরি)- সদর দপ্তর/চৌদ্দগ্রাম/বি-পাড়া /বাংমারা/বুড়িচং/গুণবতী/ময়নামতি জোনাল অফিস, কুমিল্লা পবিস-২।
- ০২। এজিএম (ওএন্ডএম), মিয়াবাজার/ভূমিচ সাব-জোনাল অফিস, কুমিল্লা পবিস-২।
- ০৩। এজিএম (অর্থ-হিসাব/রাজস্ব/প্রশাসন/সদস্যসেবা)/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি), কুমিল্লা পবিস-২।
- ০৪। নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-২। ০৫। অফিস/ মাস্তার কপি।

(প্রকৌঃ মোঃ মোস্তাফিজুর রহমান)

সিনিয়র জেনারেল ম্যানেজার

AW ২৩/১০/২৩